গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গোপালপুর, টাঙ্গাইল।
acl.gopalpur.tangail.gov.bd

স্মারক নং-৩১.৩০.৯৩৩৮.০০০.০৬.০০৪.২৪-৫৩

তারিখঃ ০৩ মাঘ ১৪৩০ / ১৭ জানুয়ারি ২০২৪

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি-

(বিজ্ঞপ্তি নং-১/১৪৩০)

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালপুর উপজেলার ইজারাযোগ্য ২০(বিশ) একরের নিম্ন আয়তন বিশিষ্ট নিম্নের বদ্ধ জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক ১৪৩১-১৪৩৩ বাংলা সন মেয়াদে নিম্নবর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল অনুসারে আগামি ০৯ মাঘ ১৪৩০ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ (২৩ জানুয়ারি ২০২৪ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:) তারিখের মধ্যে অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত আয়তনের (বদ্ধ) সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনার বর্ষপঞ্জিকা/সিডিউলঃ**

| ক্র. নং. | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি এর মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে (jm.lams.gov.bd) ইজারার আবেদন দাখিল। |
| ০২ | ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে | অনলাইনে (jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোপালপুর এ দাখিল। |
| ০৩ | ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ /২৯ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১০ মার্চ ২০২৪ এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ /২৪ মার্চ ২০২৪ এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ৩১ মার্চ ২০২৪ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ০৭ | ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০৬ এপ্রিল ২০২৪ এর মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৪ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**জলমহালের তালিকাঃ**

| ক্র. নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একর) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারী ইজারা মূল্য | ইজারার মেয়াদ (তিন বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পৌরসভা | সাকুরা বিল | ০.৫৬ | ৮৬৬.৬৬/- | ৯১০/- | ১৪৩১-১৪৩৩ | জলাশয়/ পুকুরের তালিকায় ত্রুটি |
| ০২ | ঐ | গাঙ্গাপাড়া দহ | ১৫.৩৯ | ২,১০০/- | ২,২০৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৩ | ঐ | কোনাবাড়ী গোহাট খাসপুকুর | ১.১৪ | ১,০০০/- | ১,০৫০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৪ | ঐ | কোনাবাড়ী খাসপুকুর | ১.৮৭ | ১৪,৮০০/- | ১৫,৫৪০/- | ১৪৩১-১৪৩৩ | |

S.T.Sultana

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | আলমনগর | আলমনগর বয়রা খাসপুকুর | ১.২৮ | ২২,৫০০/- | ২৩,৬২৫/- | ১৪৩১-১৪৩৩ | পরিলক্ষিত হলে উহা পরিবর্তন ও সংশোধন যোগ্য। |
| ০৬ | হাদিরা | আজগড়া খাসপুকুর | ০.৯২ | ১,৫০০/- | ১,৫৭৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৭ | ঐ | হাদিরা বাজার খাসপুকুর | ০.৪০ | ২,৫০০/- | ২,৬২৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৮ | হেমনগর | মাঝিবাড়ী খাসপুকুর | ১.১০ | ৪,২০০/- | ৪,৪১০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ০৯ | ঐ | সোনাআটা খাসপুকুর | ১.৭৯ | ২,৫০০/- | ২,৬২৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১০ | ঐ | সোনাআটা পুকুরের (পূর্ব) | ০.২২ | - | - | ১৪৩১-১৪৩৩ | |
| ১১ | ঐ | কুমিল্লি বেলুয়া খাসপুকুর | ০.৫০ | ২,৬৫০/- | ২,৭৮৩/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১২ | ঐ | খামারপাড়া খাসপুকুর | ৩.৭২ | ৩,০০০/- | ৩,১৫০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৩ | ঐ | ফুলবাড়ী খাসপুকুর | ১.২৯ | ২,৪০০/- | ২,৫২০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৪ | ঐ | নারুচি খাসপুকুর | ০.২৬ | - | - | ১৪৩১-১৪৩৩ | |
| ১৫ | ঐ | শিমলাপাড়া দক্ষিন বাসনমাজা খাসপুকুর | ০.৬৭ | ৩,২০০/- | ৩,৩৬০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৬ | ঝাওয়াইল | ঝাওয়াইল বাজার খাসপুকুর | ১.১৮ | ৭৫,১৬৭/- | ৭৮,৯২৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৭ | ঐ | গাছেড়া বিল | ১১.৩৫ | ৬১,০০০/- | ৬৪,০৫০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৮ | ধোপাকান্দি | ধোপাকান্দি বাজার খাসপুকুর | ০.৪১ | ১০,০০০/- | ১,০৫০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৯ | ঐ | মাঝিবাড়ী দহ | ১১.৬০ | - | - | ১৪৩১-১৪৩৩ | |
| ২০ | ঐ | বেড়াই বিল | ৭.৩৮ | ২,১০০/- | ২,২০৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ২১ | মির্জাপুর | জোত আতাউল্লাহ খাসপুকুর | ০.৭৬ | ১৭,৫০০/- | ১৮,৩৭৫/- | ১৪৩১-১৪৩৩ | |

<u>শর্তসমূহঃ</u>

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ (১৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ) হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র (১৩ এপ্রিল ২০২৭ খ্রিঃ) পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয়সমূহ ইজারা প্রদান করা হবে।

২। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক আগামি ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে (jm.lams.gov.bd ওয়েবসাইটে) আবেদন সম্পন্ন করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোপালপুর বরাবর দাখিল করতে হবে।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।

৪। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

৫। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৬। প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমান সরূপ জেলা/উপজেলা মৎস্য/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যায়নপত্র

S.T.Sultana

আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন নয়।

৮। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৯। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-ইজারা অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে নিম্নস্বাক্ষরকারী উক্ত জলমহালের ইজারা বাতিল করতে পারবেন এবং জমাকৃত ইজারার অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতে পারবেন।

১০। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১। আবেদনে উল্লেখিত ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট জামানত হিসাবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারাপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। যার দরপত্র গৃহীত হবে, তার ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর ইজারার অর্থের সাথে প্রদান করতে হবে।

১৩। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্তবলে গন্য হবে।

S.Y. Sultana
১৭/০২/২০২৪

(সৈয়দা ইয়াসমিন সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোপালপুর, টাঙ্গাইল।